যুগান্তর

২৬/৩/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ... ১ ......

# গ্রন্থাগারিকের পদমর্যাদা উন্নয়নের দাবি

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি গ্রন্থাগারিকদের পদমর্যাদা উন্নয়নের দাবি জানিয়েছে। গতকাল এক সাংবাদিক সম্মেলনে সমিতির নেতৃবৃন্দ বলেন, কয়েকটি রাজনৈতিক দল সম্প্রতি নির্বাচনী ইশতেহার ঘোষণা করেছে। কিন্তু কোনও ইশতেহারেই গ্রন্থাগার ও তথ্যসেবার উন্নয়ন বিষয়টি স্থান পায়নি। তারা বলেন, বর্তমানে প্রায় সবক'টি সরকারি কলেজের গ্রন্থাগারিক পদ খালি। তাছাড়া একজন কলেজ গ্রন্থাগারিক যে পদে যোগদান করেন সে পদ থেকেই তিনি অবসর গ্রহণ করেন, তার সারা চাকরি-জীবনে প্রমোশন হয় না। এ ধারাটি অনেক সরকারি গ্রন্থাগারের গ্রন্থাগারিকদের ক্ষেত্রেও প্রযোজ্য, যেমন মন্ত্রণালয়, মেডিকেল কলেজ, ন্যাপ, টেকনিক্যাল, পলিটেকনিক ইত্যাদি। বেসরকারি কলেজের গ্রন্থাগারিকরা সারা চাকরি-জীবনে মাত্র একটি ইনক্রিমেন্ট পান। তাদের কোনও স্কেল নেই। পদোন্নতিও নেই। বেশিরভাগ মেডিকেল কলেজ গ্রন্থাগারের গ্রন্থাগারিকের পদটি তৃতীয় শ্রেণীর পদমর্যাদার। অন্যদিকে সহকারী গ্রন্থাগারিক পদটি দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদার। প্রতিটি বেসরকারি হাইস্কুলের জন্য একটি সহকারী গ্রন্থাগারিক পদ পূরণের দিকনির্দেশনা দেয়া হয়নি। প্রায় প্রতিটি সরকারি বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক পদে একজন শিক্ষক দায়িত্বে রয়েছেন। জাতীয় গ্রন্থাগার ও তথ্যকেন্দ্রগুলোর প্রধান হিসাবে দায়িত্বে রয়েছেন অন্য পেশার লোকজন।

নেতৃবৃন্দ বলেন, আমরা গ্রন্থাগারভিত্তিক শিক্ষা চাই। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আধুনিক গ্রন্থাগার বিশেষ করে শিশুদের উপযুক্ত নাগরিক হিসাবে গড়ে ওঠার সুযোগদানের জন্য প্রতিটি প্রাইমারি এবং হাইস্কুলেও উপযুক্তমানের গ্রন্থাগার চাই।